

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৫, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন প্রশাসন শাখা

সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ : ২০ ভাদ্র ১৪২৬/০৮ সেপ্টেম্বর ২০১৯

নং ১৭.০০.৪৭৩০.০৩৫.৪৬.০৮২.১৪(অংশ-১)-১০৫৫।—বিজ্ঞ নির্বাচন আপিল ট্রাইবুনাল ও যুগ্ম জেলা জজ ১ম আদালত, খুলনা কর্তৃক নির্বাচন আপিল নং-০৫/২০১৮ এর ৩০ জুন ২০১৯ তারিখের রায় ও আদেশে নির্বাচন ট্রাইবুনালে মামলা নং-০২/২০১৬ এর ২৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখের প্রদত্ত রায় রদ-রহিতক্রমে খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার ১নং ধামালিয়া ইউনিয়ন পরিষদের ০৩নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচিত ফুটবল প্রতীকের প্রার্থী আব্দুস সালাম গাজীর নির্বাচন বাতিল করে উক্ত পদে তথা ১নং ধামালিয়া ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে টর্চ লাইট প্রতীকের প্রার্থী দরখাস্তকারী শহিদ মহালদার-কে যথাযথভাবে নির্বাচিত ঘোষণা করায় প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা গত ২৫ এপ্রিল ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ৫৫১৮ নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত ‘ধামালিয়া’ এর বিপরীতে ২নং কলামে বর্ণিত ‘আব্দুস ছালাম গাজী, পিতা-আঃ মজিদ গাজী, গ্রাম-চেঁচুড়ি’ এর পরিবর্তে ‘শহিদ মহালদার, পিতা: মৃত: জৰুর মহালদার, গ্রাম: চেঁচুড়ি’ শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান  
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ২১৬৬৭ )

মূল্য : ঢাকা ৪.০০